"শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

**বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)**

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা।
www.bapex.com.bd

**বিষয়ঃ কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর প্রথম কোয়ার্টারের সভার কাযপত্র।**

সভাস্থল : কমিটি কক্ষ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর
তারিখ : ১৫ জুলাই ২০২১
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত

অদ্য ১৫ জুলাই ২০২১ তারিখ, বেলা ১১:০০ টায় কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর প্রথম কোয়ার্টারের সভা কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে অবস্থিত কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটির আহবায়ক সবাইকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করার জন্য উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্টকে আহবান জানান। সদস্য সচিব তদানুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

**(ক) আলোচ্য বিষয়:**

উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন যে, কোম্পানির জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) মন্ত্রিপরিষদ বিভাগের গাইড অনুযায়ী প্রণয়ন করা হয়েছে। চলতি অর্থ বছরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনায় বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভূক্ত হয়েছে। সভায় আলোচনা করা হয় যে, বর্তমানে চলমান করোনা অতিমারীর কারণে পৃথিবীর অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশও আক্রান্ত। এ পরিস্থিতিতে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা সহজ নয় মর্মে উল্লেখ করা হয়। সভাপতি বলেন যে, এ সমস্যা হতে সহসা পরিত্রানের সম্ভাবনা দেখা যাচ্ছে না। ফলে স্বাস্থ্যবিধি মেনে সবেইকে অর্পিত দায়িত্ব পালন করে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সময়াবদ্ধ কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট, কোম্পানির জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম কোয়ার্টারে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন, সে সম্পর্কে সভায় অবহিত করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার পর চলতি অর্থ বছরের প্রথম কোয়ার্টারে গৃহীত কর্মপরিকল্পা অনুসরণে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ |
|---|---|---|---|
| ০১। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | বাপেক্স এর stakeholders হিসেবে পেট্রোবাংলা এবং এর সংশ্লিষ্ট অন্যান্য কোম্পানির প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করা হবে। | নৈতিকতা কমিটি |
| ০২। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষনণ আয়োজন করা | উপমহাব্যবস্থাপক (এইচআরএম) |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ |
|---|---|---|---|
| | | হবে। | |
| ০৩। | স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | চলমান করোনা পরিস্থিতিতে কর্মকর্তা ও কর্মচারীদের সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হবে। | উপমহাব্যবস্থাপক (এইচআরএম) |
| ০৪। | গাড়ির জ্বালানী ব্যবহারের যথার্থতা নিশ্চিতকরণ (লগবই পরীক্ষা) | কোম্পানির পুলে ব্যবহৃত গাড়ির জ্বালানী ব্যবহারের যথার্থতা পরিবীক্ষণ/লগ বই নিয়মিত পরীক্ষা করে নৈতিকতা কমিটির নিকট মাসিক প্রতিবেদন দাখিলের লক্ষ্যে প্রশাসন বিভাগের মাধ্যমে একটি কমিটি গঠন করা হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ০৫। | প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়/গ্যাস ফিল্ডে শুদ্ধাচার প্রতিপালনের বিষয় পর্যবেক্ষণ/ পরিবীক্ষণ কার্যক্রম | সংশ্লিষ্ট কমিটি প্রধান কার্যালয় ও কোম্পানির আঞ্চলিক কার্যালয়/গ্যাসক্ষেত্রে সরেজমিনে গমণপূর্বক শুদ্ধাচার প্রতিপালনের বিষয়টি পর্যবেক্ষণ করবে। | সংশ্লিষ্ট কমিটি |

**(খ)** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ সরওয়ার হামিদ)
ব্যবস্থাপক (ভূতত্ত্ব)
সদস্য

(মোহাম্মদ কামরুজ্জামান)
উপমহাব্যবস্থাপক (ক্রয়)
সদস্য

(কাজী মাহবুবুল আলম)
উপ-মহাব্যবস্থাপক
(এইচআরএম)
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

(মোহাম্মদ আহসানুল আমিন)
উপমহাব্যবস্থাপক (আইসিটি)
সদস্য

(মোঃ আব্দুর রউফ)
মহাব্যবস্থাপক (প্রকৌশল)
সদস্য

(এস.এম. তারিকুল ইসলাম)
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)
সদস্য

১৫-০৭-২০২১

(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
আহ্বায়ক

বিষয় : ১৫ জুলাই ২০২১ তারিখে **অনুষ্ঠিত প্রথম** কোয়ার্টারের সভায়
**উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা বিবরণী।**

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ১ | জনাব মোহাম্মদ আবুল বশর, মহাব্যবস্থাপক (প্রশাসন) | |
| ২ | জনাব এস. এম. তারিকুল ইসলাম, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | |
| ৩ | জনাব মোঃ আব্দুর রউফ, মহাব্যবস্থাপক (প্রকৌশল) | |
| ৪ | জনাব মোহাম্মদ আহসানুল আমিন, উপমহাব্যবস্থাপক (আইসিটি) | |
| ৫ | জনাব কাজী মাহবুবুল আলম, উপমহাব্যবস্থাপক (এইচআরএম) | |
| ৬ | জনাব মোহাম্মদ কামরুজ্জামান, উপমহাব্যবস্থাপক (ক্রয়) | |
| ৭ | জনাব মোঃ সরওয়ার হামিদ, ব্যবস্থাপক (ভূতত্ত্ব), ভূতাত্ত্বিক বিভাগ | |